



# বাংলাদেশ কৃষি ব্যাংক

প্রধান কার্যালয়

৮৩-৮৫, মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০।

আইসিটি সিস্টেমস, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ

ফোন : ৯৫৭৬৬৫৩ ; ই-মেইল : dgmicstsystem@krishibank.org.bd



তারিখ : ২৮-০৭-২০২০

পত্র নং - বিকেবি/প্রকা/আইসিটি(সিস্টেমস)-৭(৫)-৪৪/২০১৫-২০১৬/২০-২১/২৭৬

- ০১। মহাব্যবস্থাপক, সকল বিভাগীয় কার্যালয়
- ০২। মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক, সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়
- ০৩। উপ-মহাব্যবস্থাপক, সকল বিভাগ, প্রকা, ঢাকা
- ০৪। বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, সকল বিভাগীয় নিরীক্ষা কার্যালয়
- ০৫। আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, সকল আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়
- ০৬। ব্যবস্থাপক, সকল শাখা, বিকেবি।

বিষয়ঃ বিকেবির একান্ত নিজস্ব নোটিশ/সার্কুলারসমূহের গোপনীয়তা ও নিরাপত্তার খাতিরে মেরিট বিবেচনা করে ব্যাংক ওয়েবসাইটের **Private zone-এ আপলোড ও login option** সঠিকভাবে ব্যবহার করা প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

উপরোক্ত বিষয়ের প্রতি সদয় দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০২। BKB Risk Management Unit-এর অক্টোবর/২০১৯ মাসের ২৬-১১-২০১৯ ইং তারিখে অনুষ্ঠিত মাসিক সভায় ব্যাংকের অভ্যন্তরীণ বিষয়সমূহের গোপনীয়তা ও নিরাপত্তা রক্ষার খাতিরে ব্যাংকের একান্ত নিজস্ব নোটিশ/সার্কুলারসমূহের মেরিট অনুযায়ী সকলের জন্য উন্মুক্ত না রেখে শুধুমাত্র ব্যাংকের কর্মকর্তা/কর্মচারীদের জন্য উন্মুক্ত রাখার সুপারিশটি ব্যবস্থাপনা কর্তৃপক্ষ কর্তৃক সদয় অনুমোদিত হয়। উক্ত অনুমোদনের প্রেক্ষিতে ব্যাংকের নোটিশ/সার্কুলারের মেরিট বিবেচনা করে ওয়েবসাইটের Private zone -এ আপলোডকৃত নোটিশ/সার্কুলার দেখার জন্য ব্যাংক ওয়েবসাইটের হোম পেজের উপরে ডানদিকে 'LOGIN' option (চিত্র-১ এ বৃত্তে চিহ্নিত) চালু করা হয়েছে। নিম্নে চিত্রের মাধ্যমে ওয়েবসাইটে LOGIN করার পদ্ধতি প্রদর্শন করা হলো :



বাংলাদেশ কৃষি ব্যাংক  
Bangladesh Krishi Bank  
গ্রামবাসীর গণমুন্ডের ব্যাংক

Home

About Us

Citizen Charter

Offices

Core Business

Right to Information

Media

NIS

Contact Us



চিত্র-১

ক) উল্লিখিত 'LOGIN' Button-এ ক্লিক করলে নিম্নোক্ত চিত্রানুযায়ী (চিত্র-২) LOGIN পেজ ওপেন হবে। ইতোপূর্বে প্রধান কার্যালয়ের সকল বিভাগ/মহাবিভাগ এবং বিভিন্ন নিয়ন্ত্রনকারী কার্যালয়ের জন্য সংশ্লিষ্ট Login ID & Password অত্র বিভাগের পত্র নং- ১৭২৩ ও ১৭২৬ তারিখ : ২৪-০২-২০২০ মোতাবেক E-mail-এর মাধ্যমে প্রেরণ করা হয়েছে। এছাড়াও গত ২৭-০৭-২০২০ তারিখে পুনরায় এ বিষয়ে সকলকে E-mail-এর মাধ্যমে অবহিত করা হয়েছে। যদি কোন কার্যালয় সংশ্লিষ্ট Login ID & Password না পেয়ে থাকে তাহলে আইসিটি সিস্টেমস, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগে যোগাযোগ করার জন্য অনুরোধ করা যাচ্ছে।


চিত্র-২

Gen

R

বিষয়ঃ বিকেবির একান্ত নিজস্ব নোটিশ/সার্কুলারসমূহের গোপনীয়তা ও নিরাপত্তার খাতিরে মেরিট বিবেচনা করে ব্যাংক ওয়েবসাইটের Private zone-এ আপলোড ও login option সঠিকভাবে ব্যবহার করা প্রসঙ্গে।

খ) বর্ণিত পত্রে প্রদত্ত Login ID & Password ব্যবহার করে সফলভাবে Login করা হলে 'LOGIN' Button-এর পরিবর্তে নিম্নের চিত্রানুযায়ী (চিত্র-৩) বৃত্তে প্রদর্শিত 'LOGOUT' Button পদর্শিত হবে।



চিত্র-৩

গ) পরবর্তীতে নোটিশ/সার্কুলার ট্যাবে প্রবেশ করলে Private zone-এ আপলোডকৃত নোটিশ/সার্কুলার নিম্নের চিত্রানুযায়ী (চিত্র-৪) পদর্শিত হবে। কিন্তু 'LOGOUT' করলে আর প্রদর্শিত হবে না।

CIRCULAR ID	DATE	TITLE	PUBLISHED BY
16569	2020-07-27	Privately Uploaded notice/circular	ICT (System)
16567	2020-07-27	HRMD-1/286 Appointment Notice for Joining as "Officer (Cash)" (2nd Phase) on dated 02-09-2020	Career: HRMD1

চিত্র-৪

০৩। এ সংক্রান্ত অত্র বিভাগের ২৪-০২-২০২০ তারিখের উপরিলিখিত পত্রে প্রধান কার্যালয়ের সকল বিভাগ/মহাবিভাগ, বিভিন্ন নিয়ন্ত্রনকারী কার্যালয় থেকে জারীকৃত নোটিশ/সার্কুলার/চিঠি ইত্যাদির মেরিট বিবেচনা করে বিকেবির ওয়েবসাইটের Private zone অথবা উন্মুক্ত নোটিশ অংশে আপলোড করার জন্য সংশ্লিষ্ট বিভাগ/কার্যালয় হতে সুনির্দিষ্ট সুপারিশ/পরামর্শসহ প্রেরনের জন্য বিশেষভাবে অনুরোধ করা হয়।

০৪। এমতাবস্থায়, ব্যাংকের একান্ত নিজস্ব নোটিশ/সার্কুলারসমূহের মেরিট অনুযায়ী বাংলাদেশ কৃষি ব্যাংক ওয়েবসাইটের Private zone -এ আপলোডের সুনির্দিষ্ট সুপারিশ/পরামর্শসহ অত্র বিভাগে পত্র প্রেরনের জন্য প্রধান কার্যালয়ের সকল বিভাগ/মহাবিভাগ এবং বিভিন্ন নিয়ন্ত্রনকারী কার্যালয়কে পুনরায় অনুরোধ করা হলো। উল্লেখ্য যে, আগামী ০৪-০৮-২০২০ তারিখ থেকে Private zone-এ আপলোডকৃত নোটিশ/সার্কুলার/চিঠি 'LOGIN' ব্যতীত দেখা সম্ভবপর হবে না। তবে, Private zone ব্যতীত উন্মুক্ত অংশে আপলোডকৃত সকল নোটিশ/চিঠি যেমনঃ পাসপোর্ট অনাপত্তি ফরম(NOC), বৈদেশিক ভ্রমণের পারমিশন ইত্যাদি সকলের জন্য উন্মুক্ত থাকবে।

-অনুমোদনক্রমে-

আপনার বিশ্বস্ত

*Rosid*  
25.9.2020

(মোঃ মামুনুর রশীদ)

উপ-মহাব্যবস্থাপক

পত্র নং - বিকেবি/প্রকা/আইসিটি(সিস্টেমস)-৭(৫)-৪৪/২০১৫-২০১৬/২০-২১/২৭৮

তারিখঃ ২৪-০৭-২০২০

সদয় অবগতির জন্য অনুলিপিঃ

১. চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রকা, ঢাকা।
২. স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক-১/২/৩ মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রকা, ঢাকা।
৩. স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রকা, ঢাকা।
৪. অধ্যক্ষ, স্টাফ কলেজ, মিরপুর-১৩, বিকেবি, প্রকা, ঢাকা।
৫. নথি।

*Qasim*  
25/09  
2020

( কে. এম. নূরুদ্দীন সারোয়ার )

সিনিয়র সিস্টেম এনালিস্ট-সমব্যা